

পরিশিষ্ট - খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।

স্মারক নং- পপ/কেঃপণ্যাঃ/২০০৪/৭৭২

তারিখ: ২০/৯/০৪

প্রেরক : আলমগীর হোসেন উকিল
পরিচালক (উপকরণ ও সরবরাহ) এবং
লাইন ডাইরেক্টর (সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ)

প্রাপক : পরিচালক
পরিবার পরিকল্পনা
চট্টগ্রাম বিভাগ
চট্টগ্রাম।

বিষয় : চট্টগ্রাম ও সিলেট বিভাগের বিভিন্ন আঞ্চলিক পণ্যাগারে মালামাল সরবরাহ প্রসঙ্গে।

সূত্র : বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম - এর স্মারক নং বিপপ/চট্ট/২০০৪/৩৬৭, তারিখ: ০৮/০৮/২০০৪খি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিদেশ হতে যে সব গর্ভনিরোধক দ্রব্যাদি এবং এম, এস, আর সরাসরি চট্টগ্রাম সামুদ্রিক বন্দরের মাধ্যমে দেশে সংগ্রহ করা হয়, সেসব দ্রব্যাদি চট্টগ্রাম আঞ্চলিক পণ্যাগার হতে সরাসরি আঞ্চলিক পণ্যাগার নোয়াখালী, কুমিল্লা, বান্দরবান ও রাঙামাটি সরবরাহ করার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

২০-৬-২০০৪ খি: তারিখে পপঅ/উ:ওস:-১/৩০৩১/৪৯৮ সংখ্যক স্মারকে সার্কুলার জারি হওয়ার পূর্ব হতেই সিলেট আঞ্চলিক পণ্যাগারে পরিবার পরিকল্পনা বিভাগীয় উপকরণাদি কেন্দ্রীয় পণ্যাগার হতে সরাসরি সরবরাহ করা হতো। বর্তমানে বেসরকারি পরিবহনের মাধ্যমে কেন্দ্রীয় পণ্যাগার হতে সিলেট আঞ্চলিক পণ্যাগারে সরবরাহ বলবৎ আছে। সেহেতু, সিলেট আঞ্চলিক পণ্যাগারে পূর্বের ন্যায় বিভাগীয় উপকরণাদি সরাসরি কেন্দ্রীয় পণ্যাগার হতে সরবরাহ করা হবে।

অপরদিকে, ডিডিএস কিটস্ ফর ফ্যামিলি প্ল্যানিং এন্ড এমসিএইচ সার্ভিসেস, কপার-টি সহ অন্যান্য এম, এস,আর এবং জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর ও স্থলবন্দর বেনাপোলার মাধ্যমে আসা দ্রব্যাদি যা কেন্দ্রীয় পণ্যাগার, ঢাকার মাধ্যমে গ্রহণ করা হয়, সেগুলি কেন্দ্রীয় পণ্যাগার, ঢাকা হতে সরাসরি চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, কুমিল্লা, নোয়াখালী, রাঙামাটি ও বান্দরবান আঞ্চলিক পণ্যাগারে সরবরাহ করা হবে।

এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

স্বাক্ষরিত
(আলমগীর হোসেন উকিল)
পরিচালক (উপকরণ ও সরবরাহ) এবং
লাইন ডাইরেক্টর (সংগ্রহ, ভান্ডার ও সরবরাহ)

স্মারক নং- পপ/কেঃপণ্যাঃ/২০০৪/৭৭২/১(৮)

তারিখ: ২০/৯/০৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, পরিবার পরিকল্পনা, আত্রাবাদ, চট্টগ্রাম।
- ২। সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, পরিবার পরিকল্পনা, সিলেট/কুমিল্লা/নোয়াখালী/বান্দরবান/রাঙামাটি।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা।
- ৪। পরিচালক (উঃওসঃ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা।

স্বাক্ষরিত

(শংকর লাল বাড়ই)

অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস্)-ভারপ্রাপ্ত